

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ৩, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
প্রশাসন শাখা-৪  
প্রজ্ঞাপন

তারিখ, ১৮ আশ্বিন ১৪১১/৩ অক্টোবর ২০০৮

এস, আর, ও নং ২৮৫-আইন/২০০৮।—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, টাংগাইল জেলার গোপালপুর উপজেলাধীন গোপালপুর ইউসিসিএ লিঃ নামীয় সমবায় সমিতিকে উক্ত আইনের ধারা ১৮ এর উপ-ধারা (৫), (৬) ও (৭) এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

শর্তসমূহ

- (ক) যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা এর বিগত ৯ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখের ২১৩২ নং স্মারকমূলে গঠিত গোপালপুর ইউসিসিএ লিঃ এর অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, উহার মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ হইতে, আরও ১৮০ (একশত আশি) দিন দায়িত্ব পালন করিবে; এবং
- (খ) উক্ত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি দফা (ক) তে উল্লিখিত সময়সীমার মধ্যে গোপালপুর ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করিবে এবং নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করিবে।

০২। এই প্রজ্ঞাপন ১১ সেপ্টেম্বর, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খোরশেদ আলম

উপ-সচিব (প্রশাসন)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৬৫৩৯)

মূল্য : টাকা ১.০০